দৈনিক ইত্তেফাক

তারিখ 03 MAR 2016
পৃষ্ঠা ৬ কলাম ৩

# ২১ দফা দাবিতে শিক্ষক কর্মচারী ফ্রন্টের কর্মসূচি

■ ইত্তেফাক রিপোর্ট

অবিলম্বে নতুন স্কেলে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের দিন-তারিখ উল্লেখসহ প্রজ্ঞাপন জারি, শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কমিটি দলীয় রাজনীতির প্রভাবমুক্ত রাখা এবং ব্যবস্থাপনা কমিটির সংস্কার করে সভাপতি ও সদস্যদের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণসহ ২১ দফা দাবি জানিয়েছে সরকার সমর্থক শিক্ষক সংগঠন জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এসব দাবি আদায়ের লক্ষ্যে মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেন।

ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে ৬-৮ মার্চ শিক্ষামন্ত্রীর সাথে সাক্ষাৎ করে দাবিসমূহ তুলে ধরা। ১২ মার্চ উপজেলা সদরে সমাবেশ শেষে মিছিল সহকারে প্রধানমন্ত্রী বরাবর উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে স্মারকলিপি পেশ, ১৯ মার্চ জেলা সদরে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবীর সপক্ষে মানববন্ধন, ২৪ মার্চ বিভাগীয় সদরে সাংবাদিক সম্মেলন করে বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ। আগামী ৩১ মার্চের মধ্যে সরকার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন স্কেলে বেতন ভাতা প্রদান না করলেও উপস্থাপিত দাবিগুলো সক্রিয় বিবেচনায় না নিলে ফ্রন্টের জাতীয় প্রতিনিধি সভায় পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

সম্মেলনে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হকসহ ফ্রন্টভুক্ত বিভিন্ন সংগঠনের শিক্ষক নেতারা উপস্থিত ছিলেন।